

Systems mgr

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ, ঢাকা  
(পত্র বিনিময় শাখা)  
www.supremecourt.gov.bd

অফিস আদেশ নং- ০২ -জি,

তারিখ: ৩০/০১/২০১৯ খ্রিঃ।

বিষয়ঃ- হাইকোর্ট বিভাগের মামলা সংশ্লিষ্ট শাখাসমূহে মামলার নথিতে মাননীয় কোর্টের আদেশ প্রেরণের মেমো নং, তারিখ উল্লেখপূর্বক অফিস কপি নথিভুক্তকরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাননীয় কোর্টের আদেশ অস্ত্রে কোর্ট হতে সংশ্লিষ্ট শাখায় নথি প্রেরণ করা হলে শাখা কর্তৃক নথি প্রাপ্তির পর আদেশ মোতাবেক ড্রাফট, টাইপ এবং কম্পিয়ার শেষে সুপারিনটেনডেন্ট ও সহকারী রেজিস্ট্রার এর স্বাক্ষরের পর বিশেষ দূত/অত্র কোর্টের জারীকারক কর্তৃক অথবা আদান প্রদান শাখায় প্রেরণ করার পর আদান প্রদান শাখা কর্তৃক আদেশসমূহ বিবাদীগণের উপর প্রেরণান্তে শাখায় অফিস কপি ফেরৎ দিলে অফিস কপির উপর লিখিত মেমো নং, তারিখ এবং কিভাবে উক্ত আদেশ প্রেরণ করা হয়েছে তা Order Book/Order Sheet এ সুস্পষ্টভাবে লিপিবদ্ধ করা প্রয়োজন।

২। মাননীয় কোর্টের গোচরীভূত হয়েছে যে, আদান প্রদান শাখা কর্তৃক আদেশসমূহ বিবাদীগণের উপর প্রেরণান্তে শাখায় অফিস কপি ফেরৎ দিলে অফিস কপির উপর লিখিত মেমো নং, তারিখ এবং কিভাবে উক্ত আদেশ প্রেরণ করা হয়েছে তা অনেক ক্ষেত্রেই Order Book/Order Sheet এ সুস্পষ্টভাবে লিপিবদ্ধ করা হয় না।

৩। এমতাবস্থায়, মাননীয় কোর্টের আদেশ প্রেরণের পর অফিস কপির উপর লিখিত মেমো নং, তারিখ এবং কোর্টের আদেশসমূহ যে মাধ্যমে প্রেরণ করা হয়েছে তা অবশ্যই সুস্পষ্টভাবে মামলার Order Book/Order Sheet এ নোট করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

(স্বাক্ষর)

(মোঃ গোলাম রব্বানী)

রেজিস্ট্রার

হাইকোর্ট বিভাগ

ফোনঃ ৯৫১৪৬৪৬

E-mail: registrar\_hcd@supremecourt.gov.bd

স্মারক নং-১ই-৩২৮/২০১৫ ১০৭৭ (৪) -জি,

তারিখ: ৩০/০১/২০১৯ খ্রিঃ।

প্রয়োজনীয় কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২. অতিরিক্ত রেজিস্ট্রার, ..... হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
৩. ডেপুটি রেজিস্ট্রার, ..... হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
৪. সহকারী রেজিস্ট্রার, ..... হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
৫. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. সুপারিনটেনডেন্ট, ..... হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
৭. অফিস কপি।

(স্বাক্ষর)

(মোহাম্মদ আক্তারুজ্জামান ভূঁইয়া)

ডেপুটি রেজিস্ট্রার(প্রশাসন ও বিচার)

ফোনঃ ৯৫৬৬৮২৬

E-mail: aktar.dr@supremecourt.gov.bd